গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ছাতক, সুনামগঞ্জ
www.chhatak.sunamganj.gov.bd

বিষয় : উপজেলা ইনোভেশন কমিটির জুলাই/২০২১ মাসের সভার কার্যবিবরণী।
তারিখ : ১৪/০৭/২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১১:০০ ঘটিকা।
স্থান : অনলাইন প্লাটফর্ম (জুম)।
সভাপতি : মামুনুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ।

(উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য)

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতি বলেন, দেশের প্রান্তিক ও দরিদ্র জনগোষ্ঠী যাতে সহজে, স্বল্প ব্যয়ে ও দ্রুত সরকারি ও বেসরকারি সেবাসমূহ গ্রহণ করতে পারে নতুন নতুন সেবা উদ্ভাবন এবং তা বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিম গঠন করা হয়। ইনোভেশন টিমের যুগোপোযোগী পদক্ষেপ এবং দূরদর্শিতার প্রভাবে সহজে ভিশন ২০৪১ এবং ডেল্টা প্লান বাস্তবায়নে এগিয়ে যাওয়া সম্ভব। এর ফলে আমরা ধীরে ধীরে উন্নততর জীবনমান এবং সুবিধাসমূহ পাব। জনপ্রশাসনের কাজে গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান ও কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়ার গুনগত পরিবর্তন আনয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | সেবা সহজীকরণ | বিষয়ভিত্তিক সেবাগ্রহীতা এবং সেবাগ্রহীতার সংখ্যা বিবেচনাপূর্বক সেবাসহজীকরণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ এবং তা পর্যালোচনাপূর্বক নতুন পদ্ধতিতে সেবা প্রদান বাস্তবায়ন। | সকল অফিস প্রধান। |
| ০২ | অধঃস্তন অফিসের ইনোভেশন কার্যক্রম | উপজেলার অধীন সকল দপ্তর ও ইউনিয়ন পর্যায়ের অফিস এবং উপজেলার ইনোভেশন টিমসমূহ সক্রিয় করা ও কর্মপরিকল্পনা পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। | ইনোভেশন টিম |
| ০৩ | আইডিয়া ম্যানেজমেন্ট | সেবাসমূহ অধিকতর জনবান্ধব করার লক্ষ্যে সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের নিকট হতে উদ্ভাবনী ধারণা প্রাপ্তির উদ্দেশ্যে আইডিয়া বক্স স্থাপন। | ইনোভেশন টিম |
| ০৪ | ইউনিয়ন পর্যায় হতে নতুন আইডিয়া | প্রান্তিক জনগনের মধ্যে সেবা প্রদান সহজীকরণের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ হতে নিয়মিত নতুন নতুন আইডিয়া গ্রহণ। | সকল উদ্যোক্তা ও ইউপি সচিববৃন্দ |
| ০৫ | সোশ্যাল মিডিয়ার ব্যবহার | উদ্ভাবনী ধারণা আহবান, পর্যালোচনা ও মতবিনিময় এবং নাগরিক ও সুশীল সমাজের সঙ্গে সেতু বন্ধন তৈরিতে ইলেক্ট্রনিক সোশ্যাল মিডিয়া ব্যবহারের সুযোগকে কাজে লাগানো। | ইনোভেশন টিম |
| ০৬ | অনলাইনে সেবা | দ্রততম সময়ে ও স্বল্পখরচে তথ্য প্রাপ্তিতে সহজীকরণের লক্ষ্যে অনলাইনের তথ্য সম্ভার সমৃদ্ধ করা এবং অনলাইন আবেদনে উদ্বুদ্ধ করা। | ইনোভেশন টিম |

CamScanner

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

১৪.০৭.২১

মামুনুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
ছাতক, সুনামগঞ্জ।
ও
উপজেলা ইনোভেশন অফিসার
ছাতক, সুনামগঞ্জ।
ই-মেইল : unochatak@gmail.com
মোবাইল নং : ০১৭৩০৩৩১০৮৬

স্মারক নং :০৫.৪৬.৯০২৩.০০০.৩৪.০০৭.২১-৭২৬/১

তারিখ: ১৪ জুলাই, ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে:

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও তথ্য প্রযুক্তি), সুনামগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ছাতক, সুনামগঞ্জ।
৪. মেয়র, ছাতক পৌরসভা, ছাতক, সুনামগঞ্জ।
৫. উপজেলা.....................................................অফিসার (সকল), ছাতক, সুনামগঞ্জ।
৬. চেয়ারম্যান, ...........................................ইউপি (সকল), ছাতক, সুনামগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসার
ছাতক, সুনামগঞ্জ।